

জবি/প্রশা-১৩/২০০৮/২৭৬০



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

তারিখ : ০৮ অক্টোবর, ২০১৮

### প্রকল্প পরিচালক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

“জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন : ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন প্রকল্প”-এ নিম্নবর্ণিত কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
<b>প্রকল্প পরিচালক</b> (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপন : ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন প্রকল্প) বেতন : আলোচনা সাপেক্ষে	ক) যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রী থাকতে হবে। খ) ২৫০ কোটি বা তদুর্ধ্ব অর্থ ব্যয় সম্বলিত সরকারি কোন প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালকের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। গ) বয়স কমপক্ষে ৪০ বছর।

#### সাধারণ শর্তাবলী :

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) হতে আগামী ২৫/১০/২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম (২টি পৃথক ফরম) সংগ্রহ করতে হবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮(আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-  
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার